

মেডিক্যাল ভর্তি পরীক্ষা
প্রশ্নফাঁস ঠেকাতে থাকবে কঠোর ব্যবস্থা

নিজস্ব প্রতিবেদক
২৮ ফেব্রুয়ারি ২০২৩
১২:০০ এএম | আপডেট: ২৭
ফেব্রুয়ারি ২০২৩ ১১:২৫
পিএম

স্ব৸্থ প্রজাতন্ত্রী
আমাদের ময়

advertisement

আগামী ১০ মার্চ শুরু হচ্ছে ২০২২-২৩ শিক্ষাবর্ষের এমবিবিএস ও বিডিএস প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা। পরীক্ষায় প্রশ্নফাঁস ঠেকাতে ইন্টারনেটের গতি কমানোসহ সর্বোচ্চ কঠোর ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী জাহিদ মালেক।

advertisement

গতকাল সোমবার মন্ত্রণালয়ের সভাকক্ষে এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষা নিয়ে জরুরি এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি। স্বাস্থ্যমন্ত্রী বলেন, ‘আগের বছরের মতোই এবারও অত্যন্ত কঠোর ও নিরাপত্তাবেষ্টনীর মধ্য দিয়ে মেডিক্যাল ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। অনাকাঙ্ক্ষিত কোনো ঘটনা যাতে না ঘটে, সে জন্য এ ব্যবস্থা থাকবে। প্রস্তুতি প্রায় সম্পূর্ণ জানিয়ে

advertisement 4

জাহিদ মালেক জানান, ‘প্রশ্নফাঁস ঠেকাতে বিশেষ টিম থাকবে। অত্যন্ত গোপনীয়তার সঙ্গে প্রশ্ন তৈরি হবে। কোনো ধরনের অপ্রীতিকর ঘটনা ছাড়াই পরীক্ষা শেষ করতে চাই আমরা।’

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর জানিয়েছে, এবারের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে সারাদেশের ১৯ কেন্দ্রের ৫৬ ভেন্যুতে। আবেদন করেছেন এক লাখ ৩৯ হাজার ২১৭ শিক্ষার্থী।